



# প্রতিদিনের সংবাদ

প্রতিদিনের সংবাদ, ১১-০৭-২০২৪, পৃষ্ঠা- ০৩

## ইস্ট ওয়েস্ট ও দক্ষিণ কোরিয়ার ডায়জায়নের চুক্তি

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং দক্ষিণ কোরিয়ার ডায়জায়ন নামক আন্তর্জাতিক সংস্থার মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ডায়জায়ন কোরিয়ার পরিবেশ মন্ত্রণালয়ে নিবন্ধিত এবং আন্তর্জাতিক প্রকৃতি সংরক্ষণ ইউনিয়নের সদস্য। গত মঙ্গলবার রাজধানীর আফতাবনগরে অবস্থিত ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দুই পক্ষের মধ্যে এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

এই সমঝোতার ফলে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বিদ্যুৎ এবং পানির মতো সম্পদগুলো সাশ্রয়, সংরক্ষণ, পুনরায় ব্যবহার উপযোগী করার ব্যাপারে সহায়তা করবে কোরিয়ান সংস্থা। পাশাপাশি ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসকে আরো পরিবেশবান্ধব এবং টেকসই করার জন্য কী ধরনের উদ্যোগ নিতে হবে, সেসব খুঁজে বের করবে। আগামী দুই বছরে ডায়জায়ন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের অংশীদারত্বে এই কাজগুলো করবে। অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট



বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এম আশিক মোসাদ্দিক এবং ডায়জায়নের ভাইস-প্রেসিডেন্ট জায়েগুন কিম নিজ নিজ প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করেন। এ সময় কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপারসন এবং সহযোগী অধ্যাপক ড. মাহিন ইসলামসহ শিক্ষকরা এবং ডায়জায়নের অন্য প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।